

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৭৬৩

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (১ ত্রান্ )

পরিচ্ছেদঃ ১. প্রথম অনুচ্ছেদ - উপার্জন করা এবং হালাল রুযী অবলম্বনের উপায় সন্ধান করা

بَابُ الْكَسْبِ وَطَلَبِ الْحَلَالِ

### আরবী

وَعَنْ رَافِعِ بْنِ خَدِيجٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «ثَمَنُ الْكَلْبِ خَبِيتٌ وَمَهْرُ الْبَغِيّ خَبِيتٌ وَكَسْبُ الْحَجَّامِ خَبِيتٌ» . رَوَاهُ مُسلم

#### বাংলা

২৭৬৩-[৫] রাফি' বিন খাদীজ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কুকুর বিক্রয়লব্ধ মূল্য ঘৃণিত বস্তু, যিনা-ব্যভিচারের বিনিময়ও ঘৃণিত, শিঙ্গা লাগানোর (রক্তমোক্ষণের) ব্যবসা ঘৃণিত। (মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ : মুসলিম ১৫৬৮, আবূ দাউদ ৩৪২১, তিরমিযী ১২৭৫, আহমাদ ১৫৮২৭, দারিমী ২৬৬৩, সহীহ আল জামি' ৩০৭৭, সহীহাহ ৩৬২২, সহীহ ইবনু হিব্বান ৫১৫২।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: (ثَمَنُ الْكَلْبِ خَبِيتُ শব্দ দারা কোনো কিছু হারাম হওয়া خَبِيتُ শব্দ দারা কোনো কিছু হারাম হওয়া বুঝায় না। কেননা এ হাদীসের শেষাংশে বলা হয়েছে যে, (كَسْبُ الْحَجَّامِ خَبِيتُ الْحَجَّامِ خَبِيتُ (خَبِيتُ الْحَجَّامِ خَبِيتُ (كَسُبُ الْحَجَّامِ خَبِيتُ الْحَجَّامِ خَبِيتُ (كَسُبُ الْحَجَّامِ خَبِيتُ ) "রক্তমোক্ষণের উপার্জন ঘৃণ্য।" অথচ সর্বসম্মতিক্রমে তা হলো হালাল। কুকুরের মূল্য হারাম হওয়ার দলীল পরবর্তী ২৭৬৪ নং হাদীস দ্রস্ট্র।

(مَهْرُ الْبَغِيِّ خَبِيتٌ) "যিনার উপার্জন ঘৃণ্য"। অর্থাৎ হারাম এ বিষয়ে ইজমা প্রতিষ্ঠিত। অর্থাৎ সর্বসম্মতিক্রমে তা হারাম। কেননা যিনাকারিণী তা যিনার বিনিময় হিসেবে গ্রহণ করে থাকে। আর যিনা সর্বসম্মতিক্রমে হারাম। আর যে কাজ করা হারাম তার বিনিময় গ্রহণ করাও হারাম। (মিরকাতুল মাফাতীহ)



### হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ রাফি ইবনু খাদীজ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন